

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

## প্রজ্ঞাপন

তারিখ: ২৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/ ৯ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৬-আইন/২০২৫/২৭০-মুসক।—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর খারা ৫৮ এর উপ-খারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১১ জুন, ২০২০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৭-আইন/২০২০/১০৮-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ২৪.০২ ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ২৪০২.২০.০০ এর বিপরীতে কলাম (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ প্রতি দশ শলাকা সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য (প্যাকেটের গায়ে সর্বোচ্চ খুচরা মূল্য, সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপৰ্যায়ভাবে মুদ্রিত থাকিবার এবং ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট বাজারে নিয়ম স্তরে সরবরাহের ফলে ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধির কারণে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধি পাইতে পারে বিধায় স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট মধ্যম স্তরের নিয়মে সরবরাহ না করিবার শর্তে)	
নিয়ম স্তর- ৬০ টাকা ও তদুর্ধ	৬৭
মধ্যম স্তর- ৮০ টাকা ও তদুর্ধ	৬৭
উচ্চ স্তর- ১৪০ টাকা ও তদুর্ধ	৬৭
অতি উচ্চ স্তর- ১৮৫ টাকা ও তদুর্ধ	৬৭ ”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী  
সদস্য (মুসক নীতি)।